গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কটিয়াদী, কিশোরগঞ্জ।

## ২০(বিশ) একর পর্যন্ত আয়তনের (বদ্ধ) জলমহাল/খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি:

ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধিশাখার ০২ নভেম্বর, ২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ নং স্মারকের নির্দেশনা এবং "সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি" ২০০৯ অনুযায়ী কটিয়াদী উপজেলার ২০ (বিশ) একর পর্যন্ত আয়তনের নিম্নেবর্ণিত (বদ্ধ) জলমহাল/খাস পুকুরসমূহ ১৪৩১ হতে ১৪৩৩ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বৎসর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলী/শর্তাবলী ও চেক লিষ্ট অনুসরণপূর্বক অনলাইন আবেদন দাখিলের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। সেপ্রেক্ষিতে কটিয়াদী উপজেলা থেকে সাধারণ আবেদনে ১৪৩১ বঙ্গাব্দে (বদ্ধ) সরকারি জলমহাল/খাস পুকুরের ইজারা ব্যবস্থাপনা নির্ধারিত বর্ষপঞ্জিকার(Calender Year) এর মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হবে।

| ক্র: নং | তারিখ | গৃহিত কার্যক্রম |
|---|---|---|
| ০১. | ০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ<br>২৩ জানুয়ারি হতে ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কটিয়াদী, কিশোরগঞ্জ এবং সহকারী কমিশনার (ভূমি) কটিয়াদী, কিশোরগঞ্জ এর কার্যালয় হতে ৫০০(পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) সিডিউল/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। সিডিউল/আবেদন ফরমে বর্ণিত শর্তাবলিসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণযোগ্য। |
| ০২. | ০৩ ফাল্গুন হতে পরবর্তী ০৩(তিন) কার্যদিবস পর্যন্ত<br>(১৪ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারি, ২০২৪) | নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি কর্তৃক অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতে মূলকপিসহ আবেদন সংশ্লিষ্ট কাগজপত্রাদি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কটিয়াদী, কিশোরগঞ্জ এ দাখিল করতে হবে। |

### ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের তফসিল ও ইজারামূল:

| ক্রমিক নং | জলমহাল / খাস পুকুরের নাম | মৌজা | খতিয়ান নং | দাগ নং | পরিমান (একরে) | সরকারী মূল্য (৫% বর্ধিত হারসহ) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১. | লোহাজুরী কুড় | লোহাজুরী | ১ | ২১১২ | ৮.১৮ | ৮,০৪,৮২০/- | |
| ০২. | মন্ডলভোগ মজা পুকুর | মন্ডলভোগ | ১ | ৬১ | ১.০৭ | ৭,৩৫০/- | |
| ০৩. | গোয়াতলা পুকুর | গোয়াতলা | ১ | ১৫৬ | ০.৩০ | ১,০৬৫/- | |
| ০৪. | পং মসূয়া পুকুর | পং মসূয়া | ১ | ৪৭১ | ০.৪৫ | ৩,১৫০/- | |
| ০৫. | বেতাল মৌজার ২৩৪৭ নং দাগের পুকুর | বেতাল | ১ | ২৩৪৭ | ০.৫০ | ১,০৭৫/- | |
| ০৬. | পিপুলিয়া পুকুর-১ | পিপুলিয়া | ১ | ৪০৪,৪০৫,৪০৬ | ০.৪৩ | ১,০৬৫/- | |

### "নিয়মাবলী"

১.অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎসীজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ে ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২. যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতবস্থার আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।

৩.জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি aclandkatiadi.mopa.gov.bd ও unokatiadi@mopa.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪.জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি উপজেলা ওয়েব পোর্টাল ও এ কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৫.অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলগালা বদ্ধ খামে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কটিয়াদী দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে "জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন" কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা থাকতে হবে।

৬.অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

চলমান পাতা-২

৭. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চুড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮.কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/১/২৪

ওয়াহিদুজ্জামান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ।

স্মারক নং: ০৫.৪১.৪৮৪৫.০০০.০০.০০০.২১-৩৩/১(১২০)

তারিখ: ০১ মাঘ ১৪৩০
১৫ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। মাননীয় সংসদ সদস্য, কিশোরগঞ্জ-২ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কটিয়াদী, কিশোরগঞ্জ।
০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
০৪। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কিশোরগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ।
০৬। সহকারী কমিশনার (ভূমি), কটিয়াদী। (বহুল প্রচারের অনুরোধসহ)
০৭। জেলা তথ্য অফিসার, কিশোরগঞ্জ।
০৯। মেয়র,কটিয়াদী পৌরসভা। (বহুল প্রচারের অনুরোধসহ)
১০। উপজেলা---------------------------------অফিসার, কটিয়াদী, কিশোরগঞ্জ। (বহুল প্রচারের অনুরোধসহ)
১১। চেয়ারম্যান, ------------------------(সকল) ইউনিয়ন পরিষদ, কটিয়াদী, কিশোরগঞ্জ। (বহুল প্রচারের অনুরোধসহ)
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ---------------------------ইউনিয়ন ভূমি অফিস, কটিয়াদী। তাকে বিজ্ঞপ্তিটি মাইকিংসহ বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
১৩। সম্পাদক, ------------------------------- পত্রিকা। তাকে সল্প পরিসরে বিজ্ঞপ্তিটি ০১(এক)দিনের জন্য প্রকাশ করার অনুরোধ করা হলো।
১৪। জনাব---------------------------------------------------------------------------------
১৫। অফিস কপি।

১৫/০১/২৪

তামান্না তাসবিহা
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
কটিয়াদী, কিশোরগঞ্জ।